

মুদ্রা : বৃহস্পতিবার ১৪ নবেম্বর ২০০২ ইংরেজী

এসএসসি এইচএসসি সার্টিফিকেটে সিকিউরিটি সিল দেয়ার উদ্যোগ

শরিফুল্লাহমান পিটু ঃ দেশজুড়ে জাল সার্টিফিকেটের দৌরাখ্য ও ব্যবহার হ্রাসের উদ্দেশ্যে এসএসসি এবং এইচএসসি পরীক্ষার সার্টিফিকেট ও মার্কশীটে পাসপোর্টের মতো সিকিউরিটি সিল দেয়ার উদ্যোগ নেয়া হয়েছে। সাতটি সাধারণসহ নয়টি শিক্ষাবোর্ড ছাড়াও বিশ্ববিদ্যালয়-গুলোকে সার্টিফিকেটে এ ধরনের সিকিউরিটি মেজার নেবার পরামর্শ দেয়া হয়েছে। বর্তমানে যে ধরনের মার্কশীট ও সার্টিফিকেট দেয়া হয় তা নকল বা জাল দেয়ার বিভিন্ন কৌশল আবিষ্কার হওয়ায়

শিক্ষা মন্ত্রণালয় ও বিভিন্ন শিক্ষাবোর্ড সিকিউরিটি সিল দিয়ে মার্কশীট ও সার্টিফিকেট তৈরির প্রক্রিয়া ইতোমধ্যে শুরু

জাল সার্টিফিকেটের দৌরাখ্য

করেছে। গত সোমবার রাজধানী থেকে বিপুল সংখ্যক জাল সার্টিফিকেট এবং এগুলো তৈরির সরঞ্জামাদি উদ্ধারের পর শিক্ষা মন্ত্রণালয় যত দ্রুত সম্ভব সিকিউরিটি

সিল সংবলিত সার্টিফিকেট ও মার্কশীট তৈরির নির্দেশ দিয়েছে। আগামী বছরবাহনের মধ্যে এই নতুন সার্টিফিকেট সরবরাহ শুরু করা যাবে বলে সংশ্লিষ্টরা আশা প্রকাশ করেছেন।

জানা যায়, দেশে যে ব্যাপকভাবে জাল সার্টিফিকেট তৈরি হচ্ছে সেটি সার্টিফিকেট সরবরাহকারী বিভিন্ন বোর্ড ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে গোপন সিক্রেট। বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের এক শ্রেণীর অসাধু কর্মকর্তা ও কর্মচারী এই প্রক্রিয়ার সঙ্গে জড়িত বলে অভিযোগ রয়েছে।

শিক্ষা প্রতিমন্ত্রী এহছানুল হক মিলন বলেছেন, গত সোমবার জাল সার্টিফিকেট উদ্ধারের আগেই মন্ত্রণালয় ও বোর্ডগুলো জাল সার্টিফিকেট রোধে পদক্ষেপ নিতে শুরু করে। এখন এই পদক্ষেপ যত দ্রুত সম্ভব গ্রহণ করা হবে।